R. N. No. 2532/57 Phone No. RGG.112 Regd No:—WB/MSD—4

ফ্রান্স-এর সহযোগিতায় তৈরী
সারদা বাইরন-এর
হোমিও ঔষধ পাওয়া যায়
কেয়ার এণ্ড কিওর হোমিও
সেণ্টার
গাড়ীঘাট
রঘুনাথগঞ্জ ★ মুর্শিদাবাদ

# জঙ্গীপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

বিবাহ উৎসবে
ভি, ডি ও ক্যাসেট স্যুটিং
এর জন্য যোগাযোগ করুন—
ষ্টুডিও চিত্রশ্রী
রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ

৭৬ম বর্ষ
৩য় সংখ্যা
রঘুনাথগঞ্জ ১৭ই জ্যৈষ্ঠ বুধবার, ১৩৯৬ সাল।
৩১শে মে, ১৯৮৯ সাল।
নগদ মূল্য : ৪০ পয়সা
বার্ষিক ২০৲

## বৃষ্টিপাতে যত না স্বস্তি তত বিপর্যয় ঘূর্ণি ঝড়ে

বিশেষ সংবাদদাতা : গত ২৬ মে রাত থেকে মুর্শিদাবাদ জেলায় নিম্নচাপের প্রভাব দেখা দেয়। প্রবল বৃষ্টিপাতের সাথে সাথে বয়ে চলে ঝড়ো হাওয়া। ২৭ মে দুপুর নাগাদ ওই হাওয়া রূপ নেয় প্রচণ্ড ঘূর্ণিঝড়ে। ঝড়ের তাণ্ডবে জঙ্গীপুর মহকুমার বিস্তীর্ণ অঞ্চলে ব্যাপক ক্ষতি হয়। বৈশাখের তাপে মানুষজন অস্বস্তিতে ভুগছিল, মাঠের ধান শুকিয়ে যাচ্ছিল। ফলে বৃষ্টি শুরু হওয়ায় মানুষের মনে স্বস্তির ভাব দেখা দেয়। কিন্তু ঘূর্ণিঝড়ের দাপট সে স্বস্তি উড়ে গিয়ে সকলকে বিপর্যস্ত করে তোলে। কাঁচা বাড়ী ভেঙ্গে আশ্রয়হীন হয় হাজার হাজার গ্রামবাসী। মহকুমার অধিবাসীদের বছরের রোজগারের ভরাডুবি ঘটিয়ে আম ও লিচু সম্পূর্ণ বিনষ্ট হয়। রঘুনাথগঞ্জ ১নং ব্লকের বিডিও জানাচ্ছেন—তেমন (৪র্থ পৃষ্ঠায়)

## রাজনৈতিক দলগুলি ও সি-র বিরুদ্ধে সোচ্চার

রঘুনাথগঞ্জ : স্থানীয় কংগ্রেস বিধায়ক হাবিবুর রহমান প্রশাসনিক ব্যর্থতা ও সি পি এমের নির্দ্দেশে কংগ্রেস সমর্থক ও কর্মীদের উপর পুলিশী অত্যাচারের অভিযোগ আনেন। তিনি জেলা প্রশাসন ও মহকুমা প্রশাসনের কাছে লিখিতভাবে জানান যদি এর প্রতিকার না হয় তবে ২৬ মে মহকুমা শাসকের দপ্তরের সামনে তিনি ও অন্যান্যরা অনশন করতে বাধ্য হবেন। এক পক্ষকাল আগে এই ধরনের দাবীপত্র পেয়ে জেলা শাসক বিধায়ক হাবিবুর রহমানকে হঠাৎ কিছু সিদ্ধান্ত না নিতে অনুরোধ করেন। তারই পরিপ্রেক্ষিতে গত ২৬ মে মহকুমা শাসকের দপ্তরে জেলা শাসক মহকুমা শাসক, মহকুমা পুলিশ প্রশাসক, বিধায়ক হাবিবুর রহমান ও রঘুনাথগঞ্জ ২নং ব্লকের পঞ্চায়েত সমিতির সভাপতি মহঃ গিয়াসুদ্দিনের সঙ্গে দীর্ঘক্ষণ ধরে 'ল এ্যাণ্ড অর্ডার' নিয়ে আলোচনা করেন। রঘুনাথগঞ্জ ২নং ব্লকের খেজুরতলা গ্রামের নিরীহ কংগ্রেসীদের বাড়ীঘর ভাঙচুর, লুঠতরাজ, রঘুনাথগঞ্জ থানার ওসির আসামীদের গ্রেপ্তার না করার অভিযোগ তোলেন হাবিবুর রহমান। প্রশাসনের তরফ থেকে জানানো হয় খেজুরতলায় পুলিশ ক্যাম্প বসানো হয়েছে এবং বর্তমানে (২য় পৃষ্ঠায়)

## সমসেরগঞ্জ থানা খুনী লুঠেরাদের আশ্রয় দিচ্ছে !

ধুলিয়ান : স্থানীয় মানুষ ও থানা অঞ্চলের গ্রামবাসীরা সম্প্রতি নানা ঘটনায় পুলিশের উপর আস্থা হারিয়েছেন। খবর, দুষ্কৃতকারীদের বিরুদ্ধে অভিযোগ জানানো হলে তাদের ধরপাকর তো পুলিশ করছেই না বরং অভিযোগকারীদেরই নানাভাবে হয়রাণ করা হচ্ছে। এই থানার আইন শৃঙ্খলা পরিস্থিতি একেবারেই ভেঙ্গে পড়েছে। গত ১ মে হাঁসুপুর গ্রামের চারু মণ্ডল, ৫ মে হাসেন মণ্ডল ও ৬ মে লক্ষ্মী মণ্ডল সমাজবিরোধীদের হাতে নৃশংস ভাবে নিহত হন। এক সপ্তাহের মধ্যে ছোট্ট গ্রাম হাঁসুপুরে তিন তিনজন নিহত হল, কেউ ধরা পড়ল না। এতে সাধারণ মানুষ সমসেরগঞ্জ থানার উপর আস্থা রাখতে পারছেন না। পুনরায় গত ১১মে কুলন্দরের মাঠে নিতাই সর্দারকে মৃত অবস্থায় পাওয়া যায়। ১৩ মে পুঁঠিমারী সংলগ্ন ফিডার ক্যানেলের ব্রীজের উপর কয়েকজন ডাকাত লরী থামিয়ে ডাকাতি করে ও তাদের গুলিতে একজন ট্রাকযাত্রী মারা যায়। ৩ মে ডাকবাংলোর কাছে হরি ঠাকুরের হোটেলেও ডাকাতি হয়। অপরদিকে ধুলিয়ান শহরে চোরাচালানকারীদের কার্যকলাপ ক্রমশঃ বৃদ্ধি পেয়ে চলেছে। ক্ষুব্ধ শহর ও গ্রামবাসীদের অভিযোগ রাজনৈতিক নেতাদের (২য় পৃষ্ঠায়)

## এস ডি ও-র নোটিশ ও কোর্টের আদেশেও কাজ হল না

ধুলিয়ান : ধুলিয়ান-পাকুড় রোডের ৪৬নং দাগের ৩৭ শতক খাস জমি জনৈক বিড়ি ব্যবসায়ী দখল নিলেও তাঁর বিরুদ্ধে কোন ব্যবস্থা গৃহীত না হওয়ার সংবাদ আমাদের পত্রিকায় ৩ মে প্রকাশিত হয়। সেই সংবাদের পরিপ্রেক্ষিতে মহকুমা শাসক জানান, তিনি এই ঘটনা জানতে পেরে সঙ্গে সঙ্গে বিড়ি ব্যবসায়ী রাজ্জাক সেখের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেন। তাঁকে ১৩৩ ধারা অনুযায়ী জায়গা ছেড়ে দেবার নোটিশ দেওয়া হয়। এবং গত ৬ মে পি-ডব্লু-ডি ইঞ্জিনিয়ার সমসেরগঞ্জের ওসি এবং সংশ্লিষ্ট পঞ্চায়েত প্রধানের উপস্থিতিতে জায়গাটি মাপজোক করা হয়। মাপে দেখা যায় রাজ্জাক সেখ সরকারী খাসজমি বেদখল করে মাটি ভরাট করেছেন এবং জলনিকাশী ব্যবস্থার ক্ষতি করেছেন। জানা যায় এস ডি ও, পি ডব্লু ডি উক্ত বেআইনী দখলের বিরুদ্ধে এস ডি ই এম কোর্টে একটি মামলাও রুজু করেছেন (কেস নং ৬২ এম/৮৯)। মাননীয় বিচারক জনস্বার্থে বিঘ্ন হচ্ছে চিন্তা করে ১০ মের মধ্যে উক্ত স্থান থেকে মাটি সরিয়ে নেবার আদেশও দেন। কিন্তু স্থানীয় জনসাধারণ জানান, উক্ত জবর-দখলকারী মহকুমা শাসকের নোটিশ বা কোর্টের অর্ডার কোনটিই এখন পর্যন্ত মানেননি। তাঁরা আরোও জানান, বর্ষা এসে গেল। এখনও যদি ঐ স্থানের ভরাট মাটি সরিয়ে না ফেলা হয় তবে জল নিকাশে বাধা সৃষ্টি হওয়ার ফলে রতনপুর অঞ্চলে বিপর্যয় দেখা দেবে এবং ঘরবাড়ী ধ্বসে পড়ে স্থানীয় জনগণকে দুর্দশাগ্রস্ত করে তুলবে। ভবিষ্যত চিন্তায় রতনপুর ও আশপাশের গ্রামবাসী অশান্তির মধ্যে দিন কাটাচ্ছেন। সম্প্রতি প্রবল বর্ষণের ফলে সেই আশংকা (শেষ পৃষ্ঠায়)

পুনরায় জনতা চা : প্রতি কেজি ২৫-০০টাকা
চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১৭ই জ্যৈষ্ঠ বুধবার ১৩৯৬ সাল

## নিউজপ্রিণ্ট সমস্যা

নানা সমস্যায় জর্জরিত ক্ষুদ্র পত্রিকাগুলির সজীব পরিচালনা যে কত কঠিন তা ভুক্ত-ভোগী মাত্রই অবগত আছেন। কলিকাতা মহানগরীর ক্ষুদ্র পত্রিকাগুলি তাদের খরচের দায়ভার বহন করিতে বড় বড় প্রতিষ্ঠানের ও সরকারী বিজ্ঞাপনের উপর নির্ভর করিয়া থাকেন। কিন্তু মফঃস্বলের ক্ষুদ্র পত্রিকাগুলি পরিচালনা করিতে নানা সমস্যা। শিল্প বা ব্যবসায় প্রতিষ্ঠানের মালিকরা গ্রামের বা আধাশহরের পত্রিকা পৃষ্ঠায় বিজ্ঞাপন দেওয়া তেমন লাভজনক মনে করেন না। ফলে কেহই সহজে পত্রিকাগুলিকে বিজ্ঞাপন মাধ্যম মনে করেন না। সরকারী বিজ্ঞাপনের সাহায্যের প্রয়োজনে নিয়ম কানুনের বেড়াজাল এত বেশী যে তাহা অতিক্রম করা বেশীর ভাগ কাগজের পক্ষে সম্ভব হয় না। দাদাঠাকুর বলিয়াছেন—কাগজ বাহির করিবার পূর্বেই কাগজের প্রধান রসদজোগানদার বিজ্ঞাপন-দাতাদের করুণা ভিক্ষা করিতে হয় ; বিজ্ঞাপন-দাতাদের মধ্যেও আবার তিন শ্রেণীর লোক দেখা যায়। যাঁহারা ১ম শ্রেণীর, তাঁহারা বিলটি পৌঁছিবা মাত্র পাওনা টাকা পরিশোধ করিয়া দেন। ইঁহাদের সংখ্যা খুবই কম। যাঁহারা ২য় শ্রেণী, তাঁহারা পাওনা টাকার জন্য কিছুদিন ঘুরাইয়া ঘুরাইয়া পাওনা টাকার আংশিক পরিশোধ করেন। তাগাদা করিলে বলেন এরূপ করিলে আগামী মাস হইতে আর বিজ্ঞাপন দেবেন না। আর ৩য় শ্রেণীর যাঁহারা তাঁহারা বিজ্ঞাপন ছাপাইয়া লইয়া পাওনা টাকা না দিয়া গা ঢাকা দেন। এরূপে বিজ্ঞাপনের দয়ায় বাঁচিয়া থাকা গ্রামীণ পত্রিকাগুলির পক্ষে বিশেষ প্রয়োজনীয় উপাদান অল্প দামে প্রাপ্ত নিউজপ্রিণ্ট। এই নিউজপ্রিণ্ট আমাদের দেশে যাহা উৎপন্ন হয় তাহাতে বড় বড় পত্রিকারই প্রয়োজন মিটে না। ছোট পত্রিকা পাইবে কোথা হইতে। সে ক্ষেত্রে বিভিন্ন দেশ হইতে নিউজপ্রিণ্ট আমদানীর ব্যবস্থা করেন সরকার। পৃথিবীর যাবতীয় দেশে পত্রিকাকে শিক্ষার মাধ্যম চিন্তা করিয়া তাহাকে বাঁচাইয়া রাখিবার স্বার্থে সরকার হইতে নিউজপ্রিণ্ট আমদানীর ব্যবস্থা করা হয় উহার আমদানী শুল্ক কমাইয়া দিয়া। কিন্তু ভারত সরকার সেই নীতি হইতে বিচু্যত হইয়া আমদানী শুল্ক বাড়াইয়া দেওয়ায় নিউজ প্রিণ্টের অভাব সৃষ্টি হইয়া উত্তরোত্তর তাহার মূল্য বাড়িয়া যাইতেছে। বড় বড় পত্রিকা-গুলি সেই সমস্যা মিটাইয়া লইতেছেন কাগজের মূল্য বৃদ্ধি করিয়া। কিন্তু ছোট ছোট গ্রামীণ পত্রিকাগুলি ওই বর্ধিত মূল্যে নিউজপ্রিণ্ট ক্রয় করিয়াও গ্রাহক কমিয়া যাওয়ার আশংকায় মূল্য বৃদ্ধি করিতে শঙ্কিত হইতেছে। ফলে কাগজগুলির নাভিশ্বাস উঠিতেছে। কার্য কারণ দেখিয়া মনে হইতেছে সরকার পত্রিকার প্রসার রোধ করিতে চাহিতেছেন। কেন না পত্রিকাগুলিই তাহাদের কলমের মাধ্যমে জনগণকে সচেতন করিয়া তুলিতেছেন এবং সরকার জনরোষে পড়িয়া জনসমর্থন হারাইতেছেন। সরকার বুঝিয়াছেন ইহার সুকৌশল প্রতিরোধ করিতে কাগজের প্রচার ও প্রসার রোধ করা প্রয়োজন। সেই কারণে কাগজের বিজ্ঞাপন দেওয়ার নীতি কঠোর করিয়া ও কাগজের অতি প্রয়োজনীয় সামগ্রী নিউজপ্রিণ্টের মূল্য বৃদ্ধি ঘটাইয়া অধিকাংশ কাগজের প্রকাশে বাধা সৃষ্টি করিতে সচেষ্ট হইতেছেন। সরকারী বিজ্ঞাপনের ভরসায় আমরা আমাদের নীতি বদলাইয়া 'জো হুকুম' গোছের পত্রিকা হইতে চাহি না। কোনো যথেচ্ছাচারী কৌশলের চাপে পড়িয়া জন জাগরণের নীতি পরিত্যাগ করিতে আমরা সম্মত নহি। সেই কারণে সরকারী নিউজ প্রিণ্ট নীতির আমরা তীব্র প্রতিবাদ করিতেছি এবং দাবী জানাইতেছি যে পত্রিকাগুলিকে বাঁচাইয়া রাখিতে সরকার তাঁহার নিউজপ্রিণ্ট আমদানী নীতির পরিবর্তন করিয়া স্বল্প মূল্যে উহা পাইবার ব্যবস্থা করুন।

### ও সি র বিরুদ্ধে সোচ্চার

( ১ম পৃষ্ঠার পর )

শান্তি বজায় রয়েছে। অপর দিকে কংগ্রেস, সি পি এম উভয় দলই বর্তমান ও সি র বিরুদ্ধে অভিযোগ আনেন—তাঁকে খবর দেওয়া সত্বেও তিনি অপরাধীদের গ্রেপ্তারের ব্যবস্থা কর-ছেন না। তাঁর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগও তোলেন উভয় দল। এক সাক্ষাৎকারে মহকুমা শাসক জানান, রঘুনাথগঞ্জ ২নং ব্লকের বিভিন্ন স্থানে চোরাচালানকারীরা সক্রিয়। কিন্তু তাদের আটক করলেই রাজনৈতিক দলগুলি উদ্ধার করতে ছুটে আসেন। এবং এমন চাপ সৃষ্টি করেন যাতে বেশীর ভাগ ক্ষেত্রেই তাদের আটক রাখা অসম্ভব হয়ে পড়ে। আবার জনসাধারণ থেকে চাপ এলেই দলগুলি পুলিশের বিরুদ্ধে চীৎকার শুরু করেন। এই রকম পরিবেশ চলতে থাকলে কোন কিছু করা সম্ভব নয়। ওসিকে বদলী করে বা পুলিশকে শাস্তি দিয়ে এ অবস্থার প্রতিকার হতে পারে না। তবে একথাও ঠিক কোন সরকারী কর্মী বা অফিসারের বিরুদ্ধে অভিযোগ উঠলে তার তদন্ত হওয়াও উচিৎ বলে তিনি মনে করেন।

### চিঠি নষ্ট করার অভিযোগ

আহিরণ : সুতী ১নং ব্লকের অজগরপাড়া গ্রাম্য ডাকঘরের ডেলিভারী এজেণ্টের বিরুদ্ধে কাজে গাফিলতির অভিযোগ উঠেছে। গ্রাম-বাসীদের অভিযোগ উক্ত কর্মচারী চিঠিপত্র ঠিকমত বিলি করেন না এবং বেশীর ভাগ চিঠিই নষ্ট করে দেন। কয়েকদিন পূর্বে নদীর ধারে এপ্রিল মাসের শিল মোহরের ছাপযুক্ত কিছু চিঠি কুড়িয়ে পাওয়া যায়। গ্রামবাসীদের সন্দেহ ঐ চিঠিগুলি বিলি না করে ডেলিভারী এজেণ্ট ফেলে দেন। এর পূর্বেও ঐ ধরনের কাজ ধরা পড়লে সালিশী মধ্যস্থতায় গ্রামবাসীরা পিওনটিকে ক্ষমা করেন।

### কর্ম বিনিয়োগ কেন্দ্রে ডেপুটেশন

জঙ্গিপুর : পশ্চিমবঙ্গ যুব সংঘের পরিচালনায় বিভিন্ন দাবী দাওয়ার ভিত্তিতে প্রায় ১০০ জন বেকার যুবক মিছিল করে শহর পরিক্রমা করেন। শেষে ঐ মিছিল জঙ্গিপুর কর্ম বিনিয়োগ কেন্দ্রে উপস্থিত হয়ে দাবী পত্রটি কেন্দ্রের স্থানীয় অধিকর্তার হাতে তুলে দেন। দাবীগুলি হল : চাকরীর ক্ষেত্রে বয়ঃসীমা তুলে দিতে হবে, অবিলম্বে সকল নথীভুক্ত বেকারের চাকরীর ব্যবস্থা করতে হবে, সমস্ত রাজনৈতিক দলের ছাত্র ও যুবকদের নিয়ে বিনিয়োগ কেন্দ্রে একটি উপদেষ্টা কমিটি গড়তে হবে, সিনিওরিটির ভিত্তিতে ইন্টারভ্যু কল করতে হবে, কর্ম বিনিয়োগ কেন্দ্রে দলবাজী বন্ধ করতে হবে, নতুন কার্ড তৈরীর ক্ষেত্রে শুধুমাত্র স্কুল সার্টিফিকেট নিয়ে কার্ড তৈরী করতে হবে, নিরক্ষরদেরও নাম নথিভুক্ত করার ব্যবস্থা নিতে হবে এবং অবিলম্বে সমস্ত বেকার যুবকদের বেকার ভাতা দিতে হবে।

### *মিঠিপুর ক্লাবে বিচিত্রানুষ্ঠান*

জঙ্গিপুর : গত ১৪ মে রঘুনাথগঞ্জ ২নং ব্লকের মিঠিপুর সাধারণ ক্লাবের বিচিত্রানুষ্ঠান প্রথমিক বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। বিভিন্ন শিল্পী সঙ্গীত, আবৃত্তি, হাস্যকৌতুক প্রভৃতি পরিবেশন করেন। মহকুমার প্রখ্যাত আবৃত্তিকার সমর ঘোষের ও প্রবীর চক্রবর্ত্তীর আবৃত্তি শ্রোতা-দের মুগ্ধ করে।

### আশ্রয় দিচ্ছে !

( ১ম পৃষ্ঠার পর )

সহযোগিতায় ও পুলিশী নিষ্ক্রিয়তায় 'ল এ্যাণ্ড অর্ডার' সম্পূর্ণ ভেঙ্গে পড়েছে। মালঞ্চ, অন্তর্দীপা, মহিষাস্থলী প্রভৃতি গ্রামগুলি বর্তমানে সমাজবিরোধীদের স্বর্গরাজ্য। এখন যে কোন সমাজবিরোধী কার্য্যকলাপে বন্দুক, পাইপগান, পিস্তল ও বোমা ব্যবহৃত হয়। পুলিশ সব কিছু জানে কিন্তু রাজনৈতিক চাপে তারা অসহায়। এ অবস্থায় সাধারণ মানুষ কার কাছে অভিযোগ জানাবেন বুঝতে পারছেন না।

## পুলিশী তৎপরতায় দুই ডাকাত ও তিন বিদেশী ধৃত

জঙ্গিপুর : রঘুনাথগঞ্জ থানার ও সি গোপন সূত্রে খবর পেয়ে গত ২১শে মে গঙ্গাপ্রসাদ গ্রামে তল্লাসী চালান। এবং জনৈক কুখ্যাত সমাজবিরোধী একরামুল হককে গ্রেপ্তার করেন ও ৯টি তাজা বোমা উদ্ধার করেন। পরে তিনজন পাশপোর্ট বিহীন বাংলাদেশীকে আটক করে থানায় নিয়ে আসেন। পুলিশ গ্রাম থেকে ফেরার সাথে সাথে প্রায় ১২/১৩ জন সমাজবিরোধী গ্রামে অত্যাচার শুরু করে। মৌলাবক্স ও দাউদ সেখের বাড়ীতে লুঠপাট চালায়। মহিলাদের উপরও ডাকাতদল অত্যাচার চালাতে কসুর করে না। ক্ষুব্ধ গ্রামবাসীরা অভিযোগ করেন, লুণ্ঠনকারীদের সকলেই তাঁদের পরিচিত। তাঁরা পুলিশের কাছে এক লিখিত অভিযোগে ১২ জনের নামও প্রকাশ করেন বলে জানা যায়। তাঁরা আরোও অভিযোগ করেন, এইসব সমাজবিরোধীদের অত্যাচারে গ্রামে কেউই শান্তিতে বাস করতে পারছেন না। অধিকাংশ গ্রাম ছাড়া হয়ে অন্যত্র বাস করছেন। গত ২৪ মে পুনরায় ও সি গঙ্গাপ্রসাদ গ্রামে হানা দিয়ে অন্যতম কুখ্যাত ডাকাত লালচাঁদ সেখকে গ্রেপ্তার করেন। তার বিরুদ্ধ বহু ডাকাতি, গরু চুরি ও পাচারের অভিযোগ আছে।

## ফুটবলে জঙ্গিপুর মহকুমা চ্যাম্পিয়ান হলো

নিজস্ব সংবাদদাতা : বহরমপুর ষ্টেডিয়াম মাঠে মুর্শিদাবাদ জেলা আন্তঃ মহকুমা সাব-জুনিয়ার ফুটবল প্রতিযোগিতায় জঙ্গিপুর মহকুমা চ্যাম্পিয়ানশিপ অর্জন করে। সেমিফাইনালে লালবাগ মহকুমাকে ১ গোলে এবং ফাইনালে সদর মহকুমা বহরমপুরকে ১ গোলে পরাজিত করে। ফাইনালে গোল দেন রঘুনাথগঞ্জের বামদেব মুখার্জি। জঙ্গিপুর মহকুমা টিমের কোচের দায়িত্বে ছিলেন শ্রীকান্তবাটি উচ্চ বিদ্যালয়ের গেমস্ টিচার সুবোধ দাস।

## আম নিয়ে গোলমালে গুলি আহত তিন

সাগরদীঘি : স্থানীয় থানার বালিয়া গ্রাম পঞ্চায়েতের খরিকাপুর গ্রামে জোর করে নিরঞ্জন দাসের আম বাগানে আমপাড়া নিয়ে সংঘর্ষে গুলিতে তিনজন আহত হয় বলে খবর। প্রকাশ, গত ৮ মে বেলা ৯টার সময় কুঠিপাড়া গ্রামের ১৫ ব্যক্তি জনৈক ব্যক্তির কেনা আমবাগানে ঢুকে জোর করে আম পাড়তে থাকে। ঐ লুঠপাটে বাধা দিতে গেলে কালু দাস নামে একজনকে দুষ্কৃতকারীরা ছুরি মারে। কালু দাসের চিৎকার শুনে গ্রামের লোক ছুটে এলে দুষ্কৃতকারীরা দলবদ্ধভাবে তাদের আক্রমণ করে। ভীত সন্ত্রস্ত গ্রামবাসীরা প্রাণ ভয়ে পাশ্ববর্তী নিরঞ্জন দাসের বাড়ীতে ঢুকে ছাদে আশ্রয় নেন। দুষ্কৃতকারীরাও তাদের পিছন ধাওয়া করে ছাদে উঠতে থাকে। এই অবস্থায় তাদের বাধা দিতে মাখনচন্দ্র দাস বন্দুকের ফাঁকা আওয়াজ করে। তাতেও দুষ্কৃতকারীরা পরোয়া না করলে মাখন দাস বাধ্য হয়ে গুলি চালালে তিনজন আহত হয়। অপরদিকে ক্যাবল দাস সাগরদীঘি থানায় খবর দিতে ইদগাহা বাসষ্ট্যাণ্ডে এলে গাদীগ্রামের কয়েকজন তাকে আটকিয়ে রাখে। লোক মুখে খবর পেয়ে পুলিশ এসে ক্যাবলকে উদ্ধার করে এবং অবস্থা আয়ত্তে আনে। বর্তমানে সেখানে পুলিশ ক্যাম্প বসান হয়েছে।

NTPC
नेशनल थर्मल पावर कारपोरेशन

**National Thermal Power Corporation Ltd.**

(A GOVERNMENT OF INDIA ENTERPRISE)

**Farakka Super Thermal Power Project**

P. O. NABARUN : DIST. MURSHIDABAD (W. B.)
PIN : 742236

## INDUSTRIAL CANTEEN TENDER

**NIT NO. FS : 42 : CS : 1089/T-52/89.**

Sealed tenders are invited from caterers to run the plant site canteen of Farakka Super Thermal Power Project for three (3) years. Interested parties who have run industrial canteen and capable of catering meals to about 700 employees per day and tea, snacks, sweets etc. to about 2000 employees per day. Interested and experienced parties having financial resources may collect the tender documents from the office of the undersigned on any working day from 23-5-89 to 17-6-89 during working hours, on production of credentials, I. T. S. T. & Professional Tax clearance certificate and on payment of Rs. 25/- (Rupees twenty five only) as cost of tender documents. Tenderers will deposit earnest money of Rs. 5,000 (Rupees five thousand only) along with the tender.

Sealed tenders will be received in the office of the undersigned upto 3-00 p. m. on 19-6-89 and will be opened immediately thereafter in presence of attending tenderers.

NTPC management reserves the right to reject any or all the tenders without assigning any reason thereof.

**Deputy Manager (Contracts)**
NTPC/FSTPP

## বিজ্ঞপ্তি

অর্গানাইজ ইংরাজী মাধ্যম বিদ্যালয়ের জন্য সম্পূর্ণ অস্থায়ীভাবে একজন বি-এ ও একজন বি-এসসি শিক্ষক/শিক্ষিকা প্রয়োজন। কলা বিভাগের প্রার্থীকে অতি অবশ্যই ইংরাজী ও বাংলা লইয়া স্নাতক ও বিজ্ঞান বিভাগের প্রার্থীকে অতি অবশ্যই অংক লইয়া স্নাতক হইতে হইবে। ট্রেণ্ড, গান জানা ও ইংরাজী মাধ্যম বিদ্যালয়ে পাঠদানের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। নির্বাচিত প্রার্থীকে বিদ্যালয়ের সামর্থ্য অনুযায়ী ন্যূনতম সম্মান দক্ষিণা দেওয়া হইবে। বিজ্ঞাপন প্রকাশের দশ দিনের মধ্যে যাবতীয় সার্টিফিকেটের প্রত্যয়িত নকলসহ নিম্ন ঠিকানায় সাধারণ ডাকে দরখাস্ত আহ্বান করা হইতেছে। বিজ্ঞপ্তিতে লিখিত প্রস্তাব ব্যতীত কোন দরখাস্ত গৃহীত হইবে না।

ডি, এস, নাথ
ভারপ্রাপ্ত শিক্ষক
বিবেকানন্দ বিদ্যানিকেতন ইংরাজী মাধ্যম বিদ্যালয়
সাহেববাজার, পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ ) ৭৪২২১৩

---

## পশ্চিমবঙ্গ সরকার তথ্য ও সংস্কৃতি বিভাগ

রাজ্য সংগীত আকাডেমি কর্তৃক একটি বই 'হিন্দুস্থানী সংগীতে কথার স্থান' ও তালিম ক্যাসেট 'গান শিখি গান গাই' ( পরিচালনা—জ্ঞানপ্রকাশ ঘোষ, কণ্ঠে—অরুণ ভাদুড়ী ও ললিতা ঘোষ ) প্রকাশিত হয়েছে। উক্ত বই ও ক্যাসেটের জন্য গ্রাহক সংগ্রহ করা হচ্ছে। আগ্রহী সংগীত অনুরাগীরা জেলা অথবা মহকুমা তথ্য ও সংস্কৃতি দপ্তরে এ ব্যাপারে যোগাযোগ করতে পারেন। ক্যাসেট ও বই এর মূল্য প্রতিটি যথাক্রমে ১৬/- টাকা ও ১০/- টাকা মাত্র।

জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক,
মুর্শিদাবাদ

---

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্বসাধারণকে জানানো যাইতেছে যে, নিম্নলিখিত খাসমহল জমি দীর্ঘ মেয়াদী ইজারা বন্দোবস্ত দেওয়া হইবে। বন্দোবস্ত গ্রহণেচ্ছু ব্যক্তিগণের নিকট হইতে ১২ ( বারো ) আনার কোর্ট ফি সহ দরখাস্ত আগামী ১৫-৬-৮৯ তারিখ পর্যন্ত অতিরিক্ত ভূমি সমাহর্তার ( ভূমি সংস্কার ) অফিসে গ্রহণ করা হইবে। এই ব্যাপারে বিশদভাবে জানিতে হইলে নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে হইবে।

মৌজা—গড় বহরমপুর
দাগ নং—৫৪১ ( পি )
পরিমাণ—১০ ( দশ ) শতক

Sd/-
Junior Land Reforms Officer,
Berhampore, Murshidabad
22-5-89

---

## কোর্টের আদেশেও কাজ হল না ( ১ম পৃষ্ঠার পর )

দত্য হয়ে দাঁড়িয়েছে রতনপুর অঞ্চলে বর্ষণের জল জমে প্রায় কাঁচা বাড়ীতে ধস নেমেছে। তাঁদের ধারণা—রেজ্জাক সেখের পিছনে এমন কোন শক্তি কাজ করছে যাতে তিনি মহকুমা শাসক বা আদালতের আদেশকে অগ্রাহ্য করতে সাহস পাচ্ছেন।

## মহকুমায় ডাক ধর্মঘটে কাজ কারবার অচল

রঘুনাথগঞ্জ: গত ২৫ মে সারা ভারত ডাক কর্মী ফেডারেশনের (ই ডি সহ) ডাকে জঙ্গিপুর মহকুমাতেও ডাক ধর্মঘট পালিত হয়। জাতীয় ডাককর্মী সংগঠনের বিরোধীতা সত্ত্বেও ধর্মঘটে যোগদান করেন বহু কর্মচারী। এই ধর্মঘটের ডাক দেওয়া হয় সাত দফা দাবীকে কেন্দ্র করে। দাবীগুলি হলো—নিয়োগ বন্ধের আদেশ প্রত্যাহার করে সকল শূন্য পদে কর্মী নিয়োগ। স্বীকৃত পূর্বেকার দাবী সনদ অনুযায়ী ই ডি কর্মীদের দাবীগুলি পূরণের ব্যবস্থা নেওয়া। সকল শ্রেণীর কর্মচারীকেই নির্দিষ্ট চাকরী সীমার অন্তে প্রমোশন দেওয়া ইত্যাদি।

## মে দিবস স্মরণে

ফরাক্কা: গত ১ মের শহীদ স্মরণে গণসঙ্গীত ও শ্রমিক সমাবেশের পর বিভিন্ন দাবী দাওয়ার ভিত্তিতে এক মিছিল শহর পরিক্রমা করে। দাবীর গুলির মধ্যে ছিল ১৮৯ জন কর্মী ছাঁটাইয়ের নোটিশ প্রত্যাহার, কর্মীদের কোয়ার্টারে ৬০ ইউনিট বিদ্যুৎ ছাড়, সকলের জন্য ৮·৩৩% বোনাস প্রদান ইত্যাদি।

## বিপর্যয় ঘূর্ণি ঝড়ে

(১ম পাতার পর)

কোন বড় ধরনের ক্ষতি হয়নি। তবে পাঁচটি প্রাথমিক স্কুলের ক্ষতি হয়েছে। আংশিক ক্ষতি হয়েছে ১৫০টি বাড়ীর। ত্রাণ ও বাড়ীঘর মেরামতের সাহায্যের জন্য টাকা চেয়ে মহকুমা শাসকের কাছে রিপোর্ট পাঠিয়েছি। অসুখ বিসুখ ছড়িয়ে পড়ার মত কোন খবরও ব্লকে পাওয়া যায়নি। সমসেরগঞ্জ থানার পুলিশ ফাঁড়ির টিনের চাল উড়ে যায়। ফাঁড়ি ডাকবাংলোয় বেলাল ভবনে স্থানান্তরিত করা হয়। খবর, ঝড়ে ঐ থানার ৭৫% কাঁচা বাড়ীঘর একেবারে ধ্বংস হয়ে গিয়েছে। মালঞ্চা ও পার্শ্ববর্তী গ্রাম থেকে মৃত্যু সংবাদও পাওয়া গেছে। বহু মানুষ এখনও নিখোঁজ। জিনিষপত্র আমদানী না হওয়ায় কাঁচা সবজি থেকে মাছ মাংস সবেরই দাম বেড়ে গেছে। সাধারণ খেটে খাওয়া মানুষের কষ্টের অবধি নেই।

---


**কিস্তিতে মোটর বাইক/স্কুটার/টিভি/বাস/লরী কিনবেন?**

বাড়ী করার জন্য লোন চান? বাস্তু জমি বা পুরানো বাস, লরী, মোটর সাইকেল, টিভি প্রভৃতি কেনাবেচা করতে চান? সত্বর যোগাযোগ করুন।

**দিলসন্‌স্‌ মিউচুয়ালাইজার**
**DILSONS MUTUALISER**

শ্মশানঘাট রোড, পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ ৭৪২২২৫
বিঃ দ্রঃ সাগরদীঘি শাখা অফিস খোলার জন্য বেতন ও কমিশনে কর্মী চাই

---

**বসন্ত মালতী**

**রূপ প্রসাধনে অপরিহার্য**

**সি, কে, সেন এ্যাণ্ড কোং লিমিটেড**

কলকাতা ॥ নিউ দিল্লী


---

রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে
অরুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত